R. N No. 2532/57 Phone No. 66-228. STD 03483 Regd. No.—WB/MSD- 4

স্লীম হোন

মহকুমায় সর্বপ্রথম বৈজ্ঞানিক পন্থায় আধুনিক যন্ত্রাদির সাহায্যে সব বয়সের পুরুষ ও মহিলাদের শরীর সুস্থ ও সক্ষম রাখার প্রয়াসে। ভর্তি চলছে।

**হেলথ লাইন**

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

( শিবাজী সংঘের সন্নিকটে )

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)

প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ

রেজি নং— ১২ / ১৯৯৬-৯৭

( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক অনুমোদিত )

ফোন ঃ ৬৬৫৬০

**রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ**

৮৫শ বর্ষ
৪৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৭ই বৈশাখ, বুধবার, ১৪০৬ সাল।
২১ শ এপ্রিল, ১৯৯৯ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## গিরিয়া ও সেকন্দরা অঞ্চলে সিপিএম ও কংগ্রেসের মধ্যে ক্ষমতার লড়াই অব্যাহত

জঙ্গিপুর ঃ রঘুনাথগঞ্জ ২ ব্লকের গিরিয়া ও সেকন্দরা অঞ্চলে সিপিএম ও কংগ্রেসীদের মধ্যে ক্ষমতার লড়াই চলছে বেশ কিছুদিন। সেকন্দরা অঞ্চলে সিপিএমের দাপটে কংগ্রেসীরা কোণঠাঁসা। ওখানে নিত্যনতুন আইন তৈরী করে কংগ্রেসীদের শায়েস্তা করতে ঘোষ বাহিনী তৈরী করেছে সিপিএম। ওদের কথাই শেষ কথা। সে রকম কংগ্রেসীদের দাপটে গিরিয়া গ্রাম পঞ্চায়েতের পাতলাটোলা ও উজির মোমিনটোলা গ্রামের সিপিএম সমর্থক প্রায় অর্দ্ধেক মানুষ তিন মাস থেকে গ্রাম ছাড়া। গত ঈদ উৎসবের পর থেকে গ্রামে ত্রাসের সৃষ্টি হওয়ায় সিপিএম গ্রাম পঞ্চায়েত সদস্য নবিরুল ইসলামের বাড়ীতে পুলিশ ক্যাম্প বসেছে। নবিরুলও বেশ কিছুদিন গ্রাম ছাড়া ছিলেন। এছাড়া উজির মোমিনটোলা গ্রামের সিপিএম গ্রাম পঞ্চায়েত সদস্য মোজাম্মেল হক, গিরিয়া অঞ্চলের উপ-প্রধান জলো বিবি কংগ্রেসীদের ভয়ে গ্রাম ছাড়তে বাধ্য হয়েছিলেন। এই পরিস্থিতিতে প্রায় তিন মাস গিরিয়া পঞ্চায়েতে কোন সভা হয়নি। গ্রামের পরিস্থিতি থমথমে। খবর, গিরিয়ায় পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও গত ১৫ এপ্রিল বেলা ১১টা নাগাদ সিপিএমের বেশ কিছু লোক পিস্তল ও বোমা নিয়ে কংগ্রেসী সমর্থক ফাড়িং সেখের বাড়ী লুঠ করে। ধরণী বিবির স্বামী জামাল সেখ বাড়ীতে না থাকায় তাঁর বাড়ী থেকে কিছু নগদ টাকা ও গয়না লুঠ করে। রসিদ সেখ ও রাইসুদ্দিনের বাড়ী লুঠ হয় ও তাঁদের খড়ের পালায় আগুন ধরিয়ে দেওয়া হয়। পরবর্তীতে ১৭ এপ্রিল ভোর থেকে ঐ এলাকায় ক্রমাগত বোমা বৃষ্টি শুরু হয়। ৪৫০ থেকে ৫০০ বোমা ফাটে। কোন হতাহতের খবর নাই। গিরিয়া অঞ্চলে সিপিএম এবং সেকন্দরা অঞ্চলে কংগ্রেস নিজেদের অস্তিত্ব বজায় রাখতে এই ধরনের রাজনীতি চালিয়ে যাচ্ছে। আর এই পরিস্থিতিতে সাধারণ মানুষের প্রাণান্তকর অবস্থা।

## বি পি এলের চাল দরিদ্রদের বঞ্চিত করে খোলা বাজারে চলে যাচ্ছে ডিলারদের কারসাজিতে

ধুলিয়ান ঃ বি পি এল ( বিলো পভারটি লাইন ) বা দারিদ্রসীমার নীচে বসবাসকারী রেশন গ্রাহকদের জন্য নির্দ্ধারিত সস্তা দরের চাল ও গম রেশন ডিলারদের কারসাজিতে চলে যাচ্ছে খোলা বাজারে। কেন্দ্রীয় সরকার প্রদত্ত এই চাল ও গম যথাক্রমে প্রতি কেজি চার ও তিন টাকা দরে রাজ্য সরকারের মাধ্যমে বিলি হবার কথা। কিন্তু সেই মাল রেশন ডিলাররা ফুড সাপ্লাইয়ের মাধ্যমে গোডাউন থেকে তুলে দরিদ্রদের বঞ্চিত করে সরাসরি কালোবাজারীদের কাছে চড়া দামে বিক্রি করে মুনাফা লুটছে বলে অভিযোগ। এই দুর্নীতিতে রেশন ডিলারদের সঙ্গে সংশ্লিষ্ট পঞ্চায়েত ও পুরসভার লোকজনও যুক্ত বলে জানা গেছে। মহকুমায় রঘুনাথগঞ্জ-১ ও ২নং ব্লক ব্যতীত বি পি এলের চালের নাম দরিদ্র গ্রামবাসীরা শোনেনইনি বলে তদন্তে জানা যায়। এই দুর্নীতির জাল (২য় পৃষ্ঠায়)

## গর্ভবতী গৃহবধূ অবহেলা ও তাচ্ছিল্যে মারা গেলেন

নিজস্ব সংবাদদাতা ঃ ছাবঘাটী গ্রামের গর্ভবতী গৃহবধূ শোভারাণী পাল দ্বিতীয় সন্তানের মা হতে এসে গত ১২ এপ্রিল রাতে হাসপাতাল চত্বরে মারা যান। খবর, এই দিন সন্ধ্যে নাগাদ জঙ্গিপুর হাসপাতালে ডাঃ সঞ্জীব সাহার নিয়ন্ত্রাধীনে ভর্তি হন শোভারাণী। ভর্তির রেজিস্ট্রেশন নং ৪১০৭। প্রসব যন্ত্রণায় কাতর (২য় পৃষ্ঠায়)

## গ্রামবাংলায় ব্যাপক জল সংকট

সাগরদীঘি ঃ এই ব্লকের এগারটি গ্রাম পঞ্চায়েতেই জল সংকট ভয়াবহরূপে আকার নিয়েছে। অধিকাংশ পানীয় জলের নলকূপ অকেজো অবস্থায়। লোকে পানীয় জলের অভাবে হাহাকার করছে। মাঠের পুকুরে জল নাই। মানুষ গরু মহিষ জল পায় না। বোরধান চাষীরা সংকটের মুখে দিন কাটাচ্ছেন। দশ ফুট গর্ত করে অগভীর নলকূপ বসিয়েও জল উঠছে না। দুঃসহ রৌদ্র তাপ মানুষকে দুর্বল করে দিচ্ছে। টাকা পয়সার অভাব জানিয়ে অকেজো নলকূপগুলোও পঞ্চায়েত থেকে মেরামত করা হচ্ছে না। এ এক অসহনীয় অবস্থা।

## গঙ্গা ভাঙ্গন প্রতিরোধে আন্দোলন

নিজস্ব প্রতিবেদন ঃ গত ৮ এপ্রিল ফরাক্কা বাঁধ প্রকল্পের জেনারেল ম্যানেজারের অফিসের সামনে এক আন্দোলনের মধ্যে দিয়ে মালদা, মুর্শিদাবাদসহ অন্যান্য জেলার গঙ্গা ভাঙ্গনের প্রতিবাদ জানানো হয়। ঐ দিন সকাল থেকে ফরাক্কায় কলিকাতা, মুর্শিদাবাদ, মালদা জেলার প্রায় কয়েক হাজার গঙ্গা ভাঙ্গনে বিপন্ন মানুষ এই প্রতিবাদ আন্দোলনে ( ৩য় পৃষ্ঠায় )

**বাজার হচ্ছে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?**

**শুনুন মশাই, শুধু কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।**

**সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।**

**ফোন : আর পি পি ৬৬২০৫**

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

৭ই বৈশাখ বুধবার, ১৪০৬ সাল।


## ॥ শনির দৃষ্টি ॥

গত শনিবার কেন্দ্রে বাজপেয়ী সরকার আস্থাভোটে পরাজিত হইয়াছে। আস্থাভোটের পক্ষে ভোট পড়িয়াছে ২৬৯টি এবং বিপক্ষে ভোট পড়িয়াছে ২৭০টি। ফলে শ্রীঅটলবিহারী বাজপেয়ী প্রধানমন্ত্রীত্বের পদে ইস্তফা দিয়াছেন এবং রাষ্ট্রপতি তাঁহার পদত্যাগপত্র গ্রহণ করিয়াছেন। অতঃপর কেন্দ্রে অবিজেপি সরকার গঠনের তৎপরতা শুরু হইয়াছে।

কেন্দ্রে বিজেপি জোট সরকার হইতে জয়ললিতার দল সমর্থন প্রত্যাহার করার ফলস্বরূপ এই জোট সরকারের পতন একরকম অবশ্যম্ভাবী হইয়া পড়িয়াছিল। সরকার যাহাতে না পড়ে, তাহার জন্য যথেষ্ট প্রচেষ্টা চালান হইয়াছিল। তবু শেষ রক্ষা হয় নাই; এই কোয়ালিশন সরকারকে বিদায় লইতে হইল। জয়-পরাজয়ের ব্যবধান অতি সামান্য মাত্র এক, তাই দেখা যাইতেছে যে, বড় ধরনের গোষ্ঠী পরিবর্তন হয় নাই।

বিগত কয়েক বৎসর কেন্দ্রে বিভিন্ন কোয়ালিশন সরকার ক্ষমতায় আসিয়াছে। কোনও সরকার সুস্থির হইতে পারে নাই। প্রতিনিয়ত সরকার পড়িয়া যাওয়ার সম্ভাবনা প্রকট হইয়াছিল। ফলতঃ দেশের যথেষ্ট ক্ষতিও হইয়াছে। কেন্দ্রের রাজনৈতিক অনিশ্চয়তার জন্য অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক দিকগুলি যে আঘাত পাইয়াছে, তাহা বলিবার নহে। স্বার্থলিপ্সু সুযোগসন্ধানী বিভিন্ন ছোট দল কেন্দ্রের অস্থির সরকারের উপর নানা চাপের সৃষ্টি করিয়া নানা অযৌক্তিক অন্যায্য দাবী পূরণের মওকা ছাড়ে নাই। ফলতঃ কেন্দ্রীয় সরকার কোন সময়ই সুস্থভাবে দেশশাসনের সুযোগ পায় নাই। এই সমস্ত রাজনৈতিক চাপ বহু দুর্নীতি-সংপৃক্ত নেতা-নেত্রী সৃষ্টি করিয়াছেন। কেন্দ্রীয় সরকারের সর্বশেষ পতন তাহার জ্বলন্ত সাক্ষ্য বহন করিতেছে। ১৮ জন এমপি-র জনৈক স্বার্থগৃধ্নু নেত্রী তাঁহার ব্যক্তিস্বার্থপূরণে কেন্দ্রীয় সরকার তথা অন্যান্য রাজনৈতিক দলকে ধিক্কারজনকভাবে প্রভাবিত করিতে তৎপর ছিলেন। সরকারের পতন ঘটানর জন্য তিনিই মূলতঃ দায়ী। যে সব নেতা বা নেত্রী কেন্দ্রীয় সরকারকে অস্থিরতার মধ্য দিয়া চলিতে বাধ্য করিয়াছেন, যাঁহাদের জন্য দেশের প্রশাসনিক কাজকর্ম পদে পদে বিঘ্নিত হইয়াছে, অর্থনৈতিক বিপর্যয় ঘটিয়াছে, সর্বোপরি বিশ্বরাজনীতিতে দেশ নিম্নমানে দাঁড়াইয়াছে, তাঁহারা আর যাহাই হউন, স্বাধীন দেশের সুনাগরিকবাচ্য নহেন। রাজনীতির বড়াই করা তাঁহাদের শোভা পায় না।

অতঃপর কী হইতে পারে? কংগ্রেস দল কি একটি 'মিলিজুলি সরকার' গঠন করিবে, নাকি এক তৃতীয় ফ্রন্টের অভ্যুদয় ঘটিবে? সে সব ক্ষেত্রেও ত সরকার টিকাইবার ক্ষমতা এককভাবে কোন পক্ষেরই থাকিবে না। কিছুদিন পর 'বিষবৃক্ষ' যে বিষফল প্রদান করিবে, তাহার জ্বালাতেই সরকার জেরবার হইয়া পড়িবে। আবার সরকার ভাঙ্গিবে। এই যে ভাঙ্গাগড়ার খেলা আরম্ভ হইয়াছে, তাহার পরিণতি কী? তবে কি আবার কয়েক হাজার কোটি টাকা ব্যয়ে নির্বাচন? এবং এই অহেতুক অর্থশ্রাদ্ধের ভোগান্তি সাধারণ মানুষের ঘাড়ে চাপিবে? তবুও কি কেন্দ্রে একটা সুস্থির সরকার ক্ষমতায় আসিবে? ভারতের উপর বোধ করি, গ্রহরাজের কুদৃষ্টি পড়িয়াছে। ইহা হইতে অব্যাহতি কীভাবে সম্ভব?

### ডিলারদের কারসাজিতে ( ১ম পৃষ্ঠার পর )

সুতী-১, সমসেরগঞ্জ, সুতী-২, ধুলিয়ান পুর এলাকা ও ফরাক্কায় বিস্তার করে ফেলেছে। প্রতি ডিলারের মোট গ্রাহক সংখ্যার সর্বাধিক ৩৫ শতাংশ রেশন গ্রাহক এই চাল ও গম পাবার অধিকারী। কারা পাবে তার তালিকা তৈরী করবে সংশ্লিষ্ট পঞ্চায়েত বা পুরসভা। কিন্তু ডিলাররা পঞ্চায়েত প্রধানদের সঙ্গে রফা করে খাতাপত্র ঠিক রেখে সেই চাল ও গম সোজাসুজি কালোবাজারে চালান করছে বলে স্থানীয় অধিবাসীরা অভিযোগ তুলেছেন। তালিকা থেকে প্রত্যেক গ্রাহককে মাথাপিছু ৫০০ গ্রাম চাল ও ৫০০ গ্রাম গম দেওয়ার কথা। সমসেরগঞ্জ থানার ৯টি অঞ্চলের রেশন ডিলাররা দীর্ঘদিন ধরে চাল ও গম কালোবাজারীদের কাছে বিক্রি করে দিচ্ছেন। আবার এইসব মাল কালোবাজারীরা সরাসরি ফুড সাপ্লায়ের গোডাউন থেকে তোলার সময় সাপ্লায়ের কর্তারাও নাকি সেখানে হাজির থাকছেন। ঐ সব অঞ্চলের দুর্নীতিবাজ বহু ডিলার আবার ছাপা ক্যাশ মেমোও কাটেন না। এলাকার বাম ডান সব রাজনৈতিক দলই এই অপকর্ম জানলেও কোন আন্দোলন বা প্রতিবাদ করছেন না। ধুলিয়ানের আরএসপি নেতা নন্দলাল সরকার জানান, এ ব্যাপারে আমরা স্থানীয় ফুড সাপ্লাইকে জানালেও কোন কাজ হচ্ছে না। তবে ধুলিয়ান পুর এলাকার ১৫ জন ডিলারসহ আশপাশের মোট ১৮ জন ডিলার সময়মতো তালিকা জমা না দেওয়ায় মাল পাচ্ছেন না বলে জানা যায়।

### তাচ্ছিল্যে মারা গেলেন ( ১ম পৃষ্ঠার পর )

শোভারাণীর সিজারের প্রয়োজন থাকলেও এখানে হবে না জানিয়ে ডাক্তারবাবু শোভাকে বহরমপুরে পাঠানোর নির্দেশ দিয়ে নিজের কর্তব্য শেষ করেন। দুঃস্থ পরিবারের গৃহবধূ শোভার বাড়ীর লোকজনেদের বহরমপুরে নিয়ে যাবার সঙ্গতি না থাকায় দিশেহারা হয়ে তাঁরা শোভাকে নিয়ে গ্রামের উদ্দেশ্যে রওনা হন। জঙ্গিপুর রোড ষ্টেশনে শোভার কাতর চিৎকারে ষ্টেশনের জি. আর. পি এবং রিক্সাভ্যান চালকরা ছুটে আসেন। কংগ্রেস নেতা কালু খাঁকে খবর দিলে রাত ১২-৩০ নাগাদ পুনরায় শোভাকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তির জন্য নিয়ে আসার সময় হাসপাতালের মেন গেটের কাছে গৃহবধূ শোভা মারা যান। জঙ্গিপুর হাসপাতালের হৃদয়হীন ডাক্তার ও নার্সদের তাচ্ছিল্য ও অবহেলায় একটি প্রাণ অকালে চলে গেল। এই প্রসঙ্গে আরো জানা যায় বহুদিন থেকেই নাকি কোন নার্স ডেলিভারীর ক্ষেত্রে সক্রিয়ভাবে সহযোগিতা করেন না।


সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১

রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিণ্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

জয়ন্ত বাখিড়া — সভাপতি
ধনঞ্জয় কাদিয়া — ম্যানেজার
অচিন্ত্য মনিয়া — সম্পাদক

# National Thermal Power Corporation Ltd.

( A Government of India Enterprise )

एनटीपीसी NTPC

FARAKKA SUPER THERMAL POWER STATION

## NOTICE INVITING TENDER

1.0 Sealed Bids are invited by NTPC/Farakka for supply of the following items from reputed manufacturers :—

| Tender No. | Description of Item | Quantity | EMD (Rs.) |
|---|---|---|---|
| 1.1 FS:42:MD: 10N90014 | Non Feric Alum, IS-260/1969, Pure grade, Maximum insoluble 0 3% by weight, approx. 12.5 Kg. slab, packed in Old HDPE Bags each consists of 4 slabs. | 500 MT | 33,250.00 |
| 1.2 FS:42:MD: 10N90015 | Hydrochloric Acid, Technical grade as per IS:265-1976 with 30-33% concentration, in party's rubber lined Tanker. | 600 MT | 12,000.00 |

2.0 QUALIFYING REQUIREMENT

2.1 Vendor must be a manufacturer and have supplied similar type of materials of value not less than Rs. 10 Lakhs for Item No. 1 and Rs. 3 6 Lakhs for Item No. 2 respectively in a single order to NTPC or any other PSU of Govt. Organisation. Documentary evidence in support of this shall have to be attached alond with Technical Bids.

3.0 OTHER TERMS AND CONDITIONS

3.1 Vendor soould submit the offer in two parts superscribing "Technical Bid" and "Commercial Bid" in separate sealed Envelope. Both the sealed Technical and Commercial Bids to be put in another Envelope together with superscription of Tender No., Bid Opening Date & should be sent to the address given below.

3.2 Technical bid should contain detailed technical specification of materials offered with relevant IS, installed capacity, latest Test Certificate of material from Govt. approved Lab. along with copy of PO executed during last 2 years to NTPC or any other Govt Organisation, IT/ST clearance Certificate & EMD.

3.3 Commercial bid should contain price of material and other commercial conditions like Price basis, Taxes & Duties, Payment Terms, Freight charges, Delivery period, price variation formula so that landed cost of material can be arrived at without seeking and clarification. Copies of invoice of basic raw-materials ( Item No. 1 ) from manufacturer also to be submitted alongwith the commercial bid. Commercial bid should be kept for 120 days.

3.4 In case the vendor is a SSI Unit registered with NSIC, they should enclosed photo-copy of latest registration certificate duly attached by Gazette Officer or Ist Class Magistrate giving details of validity, capacity of monetary limit and privilege.

3.5 Requisite EMD mentioned against each item in the form of DD drawn in favour of "NTPC Ltd." and payable at State Bank of India, Andua Branch ( Code No. 7099 ) should be submitted alongwith technical bid failing which bids are liable to be rejected. EMD details should be superscribed on the Envelope containing Technical Bid and Commercial Bid both. EMD amount shall be converted into Security deposit for successful vendors and shall be released after completion of supply.

3.6 Technical Bid shall be opened at 3-00 PM on 07. 05. 99 and Commercial Bid shall be opened at 3-00 PM on 21. 05. 99 in presence of those tenderers who will be present on that date.

3.7 NTPC reserve the right to accept any tender in full or part or reject in full or part thereof without assigning any reason.

3.8 NTPC will not be responsible for any postal or any other delay.

3.9 If the date of receipt of tender application / submission / tender opening date is a closed holiday, the same shall be shifted to the next working day.

3.10 Technically qualified vendors against the above tenders shall be considered for registration with NTPC/FSTPS for a period of 3 years.

3.11 The quantity furnished above is for 6 months subject to veriation and NTPC reserves the right to split or place part order or get supplies from successful vendors as per requirement.

3.12 NTPC's general purchase conditions is applicable.

3.13 Address for communication : **Dy. General Manager ( C & M )**
Farakka Super Thermal Power Station
P. O. Nabarun, Dist. Murshidabad
West Bengal—742236 ( India )

### প্রতিরোধ আন্দোলন

( ১ম পৃষ্ঠার পর

সামিল হন। মালদা জেলার গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ অ্যাকশন নাগরিক কমিটির সম্পাদক খিদির বক্সের নেতৃত্বে মালদা জেলা থেকে প্রায় ৮০টি নৌকায় কয়েক শো মানুষ জমায়েতে যোগ দিয়ে এই আন্দোলনে নতুন মাত্রা যোগ করেন। গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ কমিটি ফরাক্কা সম্পাদক নারায়ণচন্দ্র কর্মকারের নেতৃত্বে বেনিয়াগ্রাম ও অর্জুনপুর এলাকার প্রায় ৫০০ ভাঙ্গন বিধ্বস্ত মানুষ এই আন্দোলনে যোগ দেন। দলমতনির্বিশেষে সমস্ত রাজনৈতিক দলের কর্মীরাই এই আন্দোলনে যোগ দিয়েছিলেন। গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ কমিটি, ফরাক্কা গত '৯১ সাল থেকে ধারাবাহিক আন্দোলন করলেও হোসেনপুর থেকে নয়নসুখ পর্যন্ত মাত্র ২০০ মিটার গঙ্গা ভাঙ্গনের কাজও ব্যারেজ কর্তৃপক্ষ এখনও করেনি। ঐ কমিটি দাবী করেছেন বর্ষার আগে ব্যারেজ কর্তৃপক্ষ এই কাজ শুরু করলে তাঁরা বাধা দেবেন। অন্যদিকে গত ১০ এপ্রিল পুবারুণ মোড়ে এক পথসভায় বামপন্থী নেতৃবৃন্দরা গঙ্গা ভাঙ্গনের প্রতিবাদ জানান। ঐ জনসভায় ভাষণ দেন মালদা জেলার সিপিএম সভাপতি শৈলেন সরকার, জঙ্গিপুরের সাংসদ আবুল হাসনাৎ খাঁন, সাংসদ সুব্রত মুখার্জী প্রমুখ। বক্তারা স্থায়ী বন্যা নিয়ন্ত্রণের জন্য মাষ্টার প্ল্যানসহ গঙ্গার পার ঠিক মতো বাঁধানোর দাবী রাখেন। গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ কমিটির অভিযোগ ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ তাদের এলাকায় গঙ্গার পার বাঁধানোর কাজ ঠিক মতো করছে না।

**কার্ডস ফেয়ার**

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

**রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ**

ফোন নং—৬৬২২৮

## কৃষি শিক্ষাশিবির

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর মহকুমা কৃষি আধিকারিক রঘুনাথগঞ্জ-১ এডিও অফিসে ২২— ২৪ মার্চ মহকুমার শিক্ষিত যাদের অল্প জমি আছে এইরূপ ৩০ জন পুরুষ মহিলাকে নিয়ে কৃষি শিক্ষার আয়োজন করেন। উদ্বোধনী ভাষণে মহকুমা কৃষি আধিকারিক শরিফুল ইসলাম বলেন ভবিষ্যতে তাকিয়ে কৃষিতে বৈচিত্র আনতে হবে দু হাজার সালে যদি একশ কোটি মানুষ হয় তবে ২৪ কোটি টন খাদ্য লাগবে। বর্তমানে উৎপাদন ২০ কোটি টন। ৪ কোটি টন বাড়াতে হবে। উৎপাদন ও বিপণন দ্বারা মানুষের কর্মসংস্থানও হবে। মহকুমা বিষয় বিশেষজ্ঞ অজিতকুমার দাস দেখান মাটির গুণগত মানংক্ষার জন্য মাটি পরীক্ষার গুরুত্ব। জেলার এডিও ফল অমরেন্দু গুহ মজুমদার গ্রীষ্মকালীন শাক-সব্জি ফল কিভাবে বাড়ান যায় তার বর্ণনা দেন পান চাষ, বাদ ম, পাট শস্য পর্য্যায় নিয়ে আলোচনা হয়। সাগরদীঘির এডিও সারওয়ার এজাহার আমন ধানের সঠিক জাত ও চাষ পদ্ধতি দেখান। রোগ পোকা দমন পদ্ধতি দেখান হয়। এডিও সার সদানন্দ মুখার্জী বিভিন্ন সারের কাজ ও প্রয়োগ পদ্ধতি দেখান। জেলা প্রশিক্ষণ আধিকারিক মানস বাগচী মাসরুম চাষ ও তার ব্যবহার দেখান। রঘুনাথগঞ্জ-১নং কৃষি সম্প্রসারণ আধিকারিক শিবেন্দ্রনাথ দাস সমস্ত শিক্ষার মূল্যায়ন করেন। শিক্ষার্থীরা জানালেন এই শিক্ষা তাদের যথেষ্ট কাজে লাগবে।

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

Govt. of West Bengal
I. & W. Directorate

**Abridge form of N. I. T. No. 2 of 1999-2000 of the Executive Engineer Ganga Anti Erosion Division (2nd call)**

Sealed Tenders in W. B. Form No. 2911 (ii) are invited by the Executive Engineer, Ganga Anti Erosion Division for the following works :—

2nd call 1) M. R. to damaged protective work on the Rt. Bank of river Ganga/Padma at Mahespur in mouza Paranpara P. S. Farakka etc. Amount put to tender : Rs. 9,48,288/-
Earnest money : Rs. 18,966/-

2nd call 2) Pond filling by earth adjacent to proposed protection work (East side of Jain colony) at Lalpur Ghoshpara under Dhuliyan Municipality.
Amount put to tender : Rs. 4,76,307/-
Earnest money : Rs. 9,526/-

Last date of application—22. 4. 99 upto 15-00 hrs.
Last date of issue of tender paper—26. 4. 99 upto 14-00 hrs.
Last date of receiving tender papers—28. 4. 99 upto 14-00 hrs.
Eligibility : Resourceful and bonafide outside contractor having requisite credential for similar type of work of I. & W. Dte.
N. B.—For details office of the Executive Engineer, Ganga Anti Erosion Division, Raghunathganj, Murshidabad.

( M. K. Bharati )
Executive Engineer.
Ganga Anti Erosion Division.
Raghunathganj, Murshidabad.

Memo No. 478 (25) Dated 13. 4. 99

### জঙ্গিপুর ফাঁড়ির নতুন ভবনের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা : গত ৭ এপ্রিল জঙ্গিপুর ফাঁড়ির নতুন ভবনের উদ্বোধন করলেন জেলা পুলিশ সুপার সৌমেন মিত্র। অনুষ্ঠানে জঙ্গিপুরের বিধায়ক হাবিবুর রহমান, পুরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য, সুতীর বিধায়ক মহঃ সোহরাব ছাড়াও যাঁদের আর্থিক সহায়তায় নতুন ভবন নির্মাণ সম্ভব হয়েছে তাঁরাও নিমন্ত্রিত ছিলেন তবে কোন বক্তাই তাঁদের ভাষণে জঙ্গিপুর থেকে চাল পাচার বা বেআইনী মদের ঠেকগুলো বন্ধ বা বিপন্ন মানুষ ফাঁড়িতে এলে যথাযোগ্য সহানুভূতি পাবেন সে রকম কোন কথা উল্লেখ করেননি।

### ডেকরেটর ওনার্স এ্যাসোসিয়েশনের প্রথম জেলা সম্মেলন

নিজস্ব সংবাদদাতা : গত ১১ এপ্রিল মুর্শিদাবাদ জেলা ডেকরেটর্স্ ওনার্স অ্যাসোসিয়েশনের প্রথম বার্ষিক জেলা সম্মেলন হয়ে গেল জঙ্গীপুর টাউন ক্লাব হলে। এই সম্মেলনে জেলার বিভিন্ন প্রান্তের প্রায় ৩৬৫ জন ডেকরেটর ব্যবসায়ী অংশ নেন। এই সম্মেলনের আলোচ্য সূচীতে যেটি সব থেকে প্রাধান্য পায় তা হল, বর্তমান বাজারে সব কিছুর গুণগত দাম বেড়ে গেলেও ডেকরেটর ব্যবসার ক্ষেত্রে একই অবস্থা রয়ে গেছে। প্রত্যেকের বক্তব্য এব্যাপারে চিন্তা ভাবনা করতে হবে। যদিও এটিই তাঁদের প্রথম জেলা সম্মেলন।